

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১৯.২০২২. ৫৭২

তারিখ: ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ ওক্টোবর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মামুন কাদের (০১৪৫১২), সহযোগী অধ্যাপক (বাংলা), ব্রজলাল কলেজ, খুলনা-এর বিরুদ্ধে গত ১০ আগস্ট ২০২২ থেকে ২৩ ডিসেম্বর ২০২৩ মেয়াদে দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত “KOICA-SSU Master’s Degree Program In ICT Techno Policy 2022” শীর্ষক কোর্সে বিশ্ববিদ্যালয়কে লিখিতভাবে না জানিয়ে বাংলাদেশে প্রত্যাবর্তন করেছেন। কোইকার বিদ্যমান নীতিমালা অনুযায়ী কর্তৃপক্ষকে অবহিত না করে দেশে চলে আসাতে কর্তৃপক্ষ তাকে উক্ত প্রোগ্রাম থেকে প্রত্যাহার করেছেন এবং ভবিষ্যতে তিনি কোইকার কোনো প্রোগ্রামে মনোনয়ন পাবেন না মর্মে এই অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন নাই। তাই আনীত অভিযোগের প্রেক্ষিতে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ১০/০৮/২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: মামুন কাদের এর বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়;

সেহেতু, জনাব মো: মামুন কাদের (০১৪৫১২), সহযোগী অধ্যাপক (বাংলা), ব্রজলাল কলেজ, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাকে আগামী ০৩ (তিন) বছরের জন্য “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ ৫ম গ্রেডের ৪৩,০০০-৬৯,৮৫০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ৪৩,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক “লঘুদণ্ড” প্রদান করা হলো; দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৪৩,০০০-৬৯,৮৫০/- টাকা বেতন স্কেলের (৫ম গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন, তবে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
২৫/১০/২৩  
(সোলেমান খান)  
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১৯.২০২২. ৫৭২/২(৭)

তারিখ: ০২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: মামুন কাদের এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, ব্রজলাল কলেজ, খুলনা।
- ৩। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৭। জনাব মো: মামুন কাদের (০১৪৫১২), সহযোগী অধ্যাপক (বাংলা), ব্রজলাল কলেজ, খুলনা।

  
(মো: শাহিনুর ইসলাম)  
উপসচিব